রেজিস্ট্রারের কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

স্মারক নং-৩৭.০১.৩৩০৫.০৩৬.১৮.০০১.২৪. ৪২৫৫

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ / ০৩ ডিসেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্দারা ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ-এর শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ চলাকালীন সময়ে খেলার মাঠে, পরবর্তীতে একডেমিক বিল্ডিং-এ এবং তৎপরবর্তী সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে যেসকল অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে এবং বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় যেসকল সংবাদ প্রকাশিত হয়েছে সে সংক্রান্ত ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন গভীর উদ্বেগ প্রকাশ করছে। উল্লেখ্য, এই বিষয়ে ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান রয়েছে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ে অনুকূল শিক্ষা-পরিবেশ বজায় রাখার স্বার্থে শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ ধৈর্য ও সংযম প্রদর্শনের আহবান জানানো যাচ্ছে। এছাড়া সামনা-সামনি বা সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো ব্যক্তি, গোষ্ঠী, বিভাগ বা প্রতিষ্ঠানকে নিয়ে অশোভন বা কুরুচিপূর্ণ মন্তব্য করাসহ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধি পরিপন্থি যেকোনো কাজ করা থেকে বিরত থাকার জন্যে নির্দেশ প্রদান করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

3.12.25
(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১-৪. সকল ডিন (সাইবার ফিজিক্যাল সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার এবং মেশিন ইন্টেলিজেন্স ইঞ্জিনিয়ারিং/ ডিজিটাল ট্রান্সফরমেশন ইঞ্জিনিয়ারিং/ সিকিউরিটি এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অনুষদ), ইউএফটিবি।
৫. প্রক্টর (ভারপ্রাপ্ত), ইউএফটিবি।
৬. পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), ইউএফটিবি।
৭-১২. চেয়ারম্যান, (IRE/EdTE/CySE/SE/DSE বিভাগ), ইউএফটিবি, (বিভাগের শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
১৩-১৪. প্রভোস্ট (ছাত্র হল/ছাত্রী হল), ইউএফটিবি।
১৫. ওয়েব মাস্টার, ইউএফটিবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোডের অনুরোধসহ)।
১৬. পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), ভাইস-চ্যান্সেলর অফিস, ইউএফটিবি (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার অফিস, ইউএফটিবি (ট্রেজারার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১৮. অফিস কপি।